আবশ্যকীয় নীতিমালা
জুন ২০১০

Nestlé
Good Food, Good Life

নেস্‌লে করপোরেট ব্যবসায়িক নীতিমালা



Pr

লেখক/ইস্যুকারী বিভাগ
চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা

যাদের জন্য প্রযোজ্য
সকল এমপ্লয়ী

এ সংশ্লিষ্ট সমষ্টিগত আচরণবিধি/নীতিমালা, মানদন্ড বা দিক নির্দেশনা
কোড অব বিজনেস কন্ডাক্ট নেস্‌লে ব্যবস্থাপনা এবং নেতৃত্ব বিষয়ক নীতিমালা।

সংরক্ষণ
সকল নেস্‌লে আচরণবিধি ও নীতিমালা, মানদন্ড বা দিক নির্দেশনা
পাওয়া যাবে কেন্দ্রীয় অনলাইন সংরক্ষণে।
http://intranet.nestle.com/nestledocs

প্রকাশকাল
জুন ২০১০

কপিরাইট এবং গোপনীয়তা
বিনা অনুমতিতে এই প্রকাশনার কোনরূপ পুন:মুদ্রণ করা নিষেধ।
সকল স্বত্ব: নেসটেক লি:, ১৮০০ ভেভে, সুইজারল্যান্ড কর্তৃক সংরক্ষিত
© ২০১০, নেসটেক লি:

যেকোন ধরণের সন্দেহ অথবা ব্যাখ্যার পার্থক্যের ক্ষেত্রে ইংরেজি ভার্সন অনুসরণযোগ্য

অলংকরণ
নেসটেক লি: করপোরেট আইডেনটিটি এবং ডিজাইন
১৮০০ ভেভে, সুইজারল্যান্ড

মুদ্রণ/প্রকাশ
আলটাভিয়া সুইস

পেপার
এই রিপোর্ট বিভিএস পেপারে প্রিন্টকৃত যা সুনিয়ন্ত্রিত বনজ উপাদান দ্বারা তৈরি
এবং ফরেস্ট স্টুয়ার্ডশিপ কাউন্সিল (এফএসসি) কর্তৃক অনুমোদিত।

myclimate neutral Printed Matter
No. 01-10-902282 - www.myclimate.org
© myclimate - The Climate Protection Partnership

FSC Mixed Sources
Product group from well-managed forests and other controlled sources
www.fsc.org Cert no. SQS-COC-100688
© 1996 Forest Stewardship Council

সূচিপত্র

৩ **চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তার প্রতিশ্রুতি**

৫. **দীর্ঘস্থায়িত্ব ও অংশীদারি মূল্যবোধ সৃষ্টির ভিত্তি**

৬. **ব্যবসা পরিচালনার ১০টি মূলনীতি**

ভোক্তা:

১. পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা
২. গুণগতমানের নিশ্চয়তা এবং নিরাপদ পণ্য
৩. ভোক্তার সাথে যোগাযোগ

মানবাধিকার ও শ্রমনীতি

৪. ব্যবসায়িক কার্যক্রমে মানবাধিকার ও শ্রমনীতি

মানবসম্পদ

৫. নেতৃত্ব এবং ব্যক্তিগত দায়িত্ববোধ
৬. কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং সুস্বাস্থ্য

সরবরাহকারী এবং ক্রেতা

৭. সরবরাহকারী এবং ক্রেতা সম্পর্ক
৮. কৃষি ও গ্রামীণ উন্নয়ন

পরিবেশ

৯. পরিবেশগত সহনশীলতা
১০. পানি

৭. **কর্পোরেট নীতিমালার সাথে সংযোগ ও বিস্তারিত বর্ণনা**
৮. ভোক্তা
৯. মানবাধিকার এবং শ্রমিক ব্যবস্থাপনা
১০. মানবসম্পদ
১১. সরবরাহকারী এবং ক্রেতা
১২. পরিবেশ

১৩. **নিরীক্ষা**

ব্যবসা পরিচালনার ১০টি মূলনীতি

ভোক্তা

১
পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা

পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা সংক্রান্ত নেস্‌লে নীতিমালা সরবরাহকারী

২
গুনগতমানের নিশ্চয়তা এবং পণ্যের নিরাপত্তা

নেস্‌লে গুণগতমান নীতি
নেস্‌লে পুষ্টিগুন/নিউট্রিশন নীতি

৩
ভোক্তার সঙ্গে যোগাযোগ

নেস্‌লে ভোক্তা যোগাযোগ নীতি পুষ্টি ও স্বাস্থ্যগত বিষয়ে নেস্‌লে নীতি নেস্‌লে পুষ্টিগত নকশা তৈরীর পদ্ধতি

নেস্‌লে পুষ্টিমান পরিসর ডব্লিও এইচ ও (WHO) আন্তর্জাতিক মাতৃদুগ্ধ বিকল্প পণ্য বিপণন কোড*

নেস্‌লে গোপনীয়তা নীতি/কৌশল

মানবাধিকার এবং শ্রমিক ব্যবস্থাপনা

৪
আমাদের ব্যবসায়িক কার্যক্রমে মানবাধিকার

ইউএন (UN) বৈশ্বিক চুক্তি* আইএলও সন্মেলন ৮৭, ১৩৮, ১৮২*

শিশু অধিকার বিষয়ক ইউএন (UN) কনভেনশন, অনুচ্ছেদ ৩২*

বহুজাতিক ব্যবসা প্রতিষ্ঠান সংক্রান্ত ওইসিডি (OECD) নির্দেশনা ২০০০*

বহুজাতিক ব্যবসা প্রতিষ্ঠান সংক্রান্ত আইএলও ঘোষনা ২০০৬*

আমাদের মানবসম্পদ

৫
নেতৃত্ব এবং ব্যক্তিগত দায়দায়িত্ব

নেস্‌লে ব্যবস্থাপনা এবং নেতৃত্ব বিষয়ক নীতিমালা

নেস্‌লে ব্যবসায়িক আচারণ বিধি

নেস্‌লে মানব সম্পদ নীতিমালা

সরবরাহকারী এবং ভোক্তা

পরিবেশ

৬
কর্মক্ষেত্রে নিরাপত্তা ও সুস্বাস্থ্য

কর্মক্ষেত্রে নিরাপত্তা ও সুস্বাস্থ্য বিষয়ক নেস্‌লে নীতিমালা

৭
সরবরাহকারী এবং ক্রেতা সম্পর্ক

নেস্‌লে সরবরাহকারী বিধিমালা

৮
কৃষি ও গ্রামীণ উন্নয়ন

পরিবেশগত সহনশীলতা বিষয়ক নেস্‌লে নীতিমালা

৯
পরিবেশগত সহনশীলতা

পরিবেশগত সহনশীলতা বিষয়ক নেস্‌লে নীতিমালা

১০
পানি

পরিবেশগত সহনশীলতা বিষয়ক নেস্‌লে নীতিমালা

পানির সঠিক ব্যবহার সংক্রান্ত নেস্‌লের প্রতিশ্রুতি

* সংগৃহীত তথ্য

চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তার প্রতিশ্রুতি

নেস্‌লে করপোরেট ব্যবসায়িক নীতিমালা আমাদের করপোরেট সংস্কৃতির ওপর ভিত্তি করে তৈরি, যা বিগত ১৪০ বছর সময় ধরে চলে আসছে। হেনরি নেস্‌লে এবং তার সাফল্যজনক আবিষ্কার 'ফারিন ল্যাকটি'-এর প্রথম পর্যায় থেকে আমরা আমাদের ব্যবসাকে একটি মৌলিক নীতিমালার ওপর প্রতিষ্ঠিত করেছি যেন আমাদের শেয়ার হোল্ডারদের জন্য দীর্ঘস্থায়ী সাফল্য বয়ে নিয়ে আসতে পারি। আমাদের শুধু প্রযোজ্য আইনগত বিধিনিষেধ মানলেই চলে না এবং কার্যক্রমের দীর্ঘস্থায়িত্বের বিষয়টিও নিশ্চিত করলে চলে না উপরন্তু সমাজের জন্য কিছু মূল্যবোধ সৃষ্টি করার তাগিদ থাকে। নেস্‌লেতে আমরা এটাকে বলি অংশীদারিত্বের মূল্যবোধ সৃষ্টি।

আমাদের নেস্‌লে করপোরেট ব্যবসায়িক নীতিমালা একটি সমন্বিত অনুচ্ছেদ আকারে ১৯৯৮ সালে প্রথম প্রকাশিত হয় যার অধিকাংশ ইতোমধ্যেই আলাদা আলাদাভাবে প্রতিষ্ঠিত। করপোরেট ব্যবসায়িক নীতিমালা যখন থেকে সম্পূর্ণভাবে প্রতিষ্ঠিত হয় তখন থেকেই পরিবর্তনশীল বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে তা পরিবর্তন ও সময়োপযোগী করা হয়। উদাহরণস্বরূপ, নেস্‌লে জাতিসংঘের গ্লোবাল কমপ্যাক্ট-এর ১০টি নীতিমালা নির্ধারণের সঙ্গে সঙ্গেই সমন্বয় করেছে এবং যা আজ অবধি প্রয়োগ করা হয়ে থাকে।

এই নতুন সংস্করণ আগের দুটি সংস্করণ থেকে এই অর্থে ভিন্ন যে, ব্যবসা পরিচালনার ১০টি নীতিমালা এর বিস্তারিত অনলাইন নীতিমালা, কৌশল, সহজ মানদন্ড এবং নির্দেশনার সঙ্গে নির্দিষ্টভাবে সংযুক্ত। এটি প্রত্যেকটি নীতিমালার বক্তব্যকে আরো ব্যাপকভাবে তুলে ধরতে সাহায্য করেছে, যেখানে প্রত্যেকটির সাথে সম্পর্কিত বিস্তারিত ব্যাখ্যা ওয়াল্ড ওয়াইড ওয়েবে দেওয়া আছে। এছাড়া প্রথমবারের মতো নীতিমালাগুলোর একটি ধারণা ও কোম্পানির কার্যক্রম সংশ্লিষ্ট দিকগুলো এই অনুচ্ছেদের প্রথমদিকে সংযোজন করা হয়েছে।

আমরা ব্যবসায়ে দৃঢ়ভাবে আইন মেনে চলার নীতি/সংস্কৃতিতে বিশ্বাসী এবং আমাদের ব্যবসায় পরিপূর্ণভাবে আস্থা রয়েছে। করপোরেট ব্যবসায়িক নীতিমালা এবং আনুষঙ্গিক কাগজপত্র এই বিশ্বাসেরই প্রতিফলন যা আমাদের ভোক্তা ও স্টেকহোল্ডারদের নেস্‌লে ব্র্যান্ডের প্রতি তাদের আস্থা সংরক্ষণে সাহায্য করে। আমাদের অভ্যন্তরীণ নিয়মাবলী শুধু আইনের প্রতি কঠোর মান্যতাতেই সীমাবদ্ধ নয় বরং তা আমাদের সকল কর্মকান্ডে পথ প্রদর্শক-স্বরূপ, এমনকি সেসব ক্ষেত্রেও যেখানে আইনটি অত্যন্ত হালকা অথবা কোন আইনই যেখানে প্রযোজ্য নয়। নেস্‌লেতে এই নীতিমালার প্রতি আনুগত্য নির্দিষ্ট সীমারেখার উর্ধ্বে এবং এর জন্য প্রয়োজন অনন্য আনুগত্য যা পুরো কোম্পানির ক্ষেত্রে আমাদের কর্মীদের সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করে।

চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে আমরা এটা নিশ্চিত করতে বদ্ধপরিকর যে, আমাদের পুরো কোম্পানি এই নীতিমালার আঙ্গিকে পরিচালিত হয় এবং বিশ্বব্যাপী আমাদের সকল কর্মীদের এই নীতিমালার প্রতি আনুগত্য থাকা প্রয়োজন। আমাদের করপোরেট ব্যবসায়িক নীতিমালার নিয়মিত পরিমার্জন এবং এ ব্যাপারে বাইরের যেকোন মতামত, আমরা সাদরে গ্রহণ করবো।

পিটার ব্রাব্যাক-লেম্যাথি
চেয়ারম্যান অব দ্য বোর্ড

পল ব্যুলকে
চিফ এক্সিকিউটিভ অফিসার

দীর্ঘস্থায়িত্বের ভিত্তি এবং অংশীদারিত্বের মূল্যবোধ সৃষ্টি

একটি আদর্শ নীতিমালাভিত্তিক কোম্পানি হিসেবে নেস্‌লে কর্পোরেট ব্যবসায়িক নীতিমালা, আমরা যা কিছু করি তার সবকিছুর ভিত্তি হিসাবে স্বীকৃত। নেস্‌লে কর্পোরেট ব্যবসায়িক নীতিমালা মেনে চলা এবং সুনির্দিষ্ট নীতিমালার প্রতিটি নিয়ম সকল চাকুরীজীবীর জন্য বিতর্কের উর্ধ্বে এবং তাদের সকল আবেদন নিয়মিত যাচাই এবং মূল্যায়ন করা হয়।

নিচে দেখানো রেখাচিত্র অনুযায়ী নেস্‌লে কর্পোরেট ব্যবসায়িক নীতিমালা মেনে চলা কোম্পানির অঙ্গীকারের ভিত্তি এবং এটি পরিবেশগতভাবে স্থায়ী ও অংশীদারিত্বের মূল্যবোধ তৈরি করে।

অংশীদারিত্বের মূল্যবোধ সৃষ্টি করা আমাদের ব্যবসায়ের মৌলিক দিক, যা কিনা কোম্পানির অংশীদারদের দীর্ঘমেয়াদী মূল্যবোধ তৈরির জন্য কাজ করে। কিন্তু আমরা স্টেকহোল্ডার অথবা সমাজের জন্য পরিবেশগতভাবে স্থায়ী অংশীদারিত্বের মূল্যবোধ সৃষ্টিতে ব্যর্থ হব যদি আমরা আমাদের ব্যবসায়িক নীতিমালা অনুসরণ না করি। একই সঙ্গে অংশীদারিত্বের মূল্যবোধ সৃষ্টি এবং স্থায়ীত্বের লক্ষ্য অধরা রয়ে যাবে।

যেকোন ব্যবসায় যেখানে দীর্ঘস্থায়িত্ব এবং সুষম ব্যবসায়িক নীতিমালা মেনে চলা হয় সেখানে অংশীদার এবং সমাজের জন্য কার্যক্রমের মধ্য দিয়ে উপকারের সুযোগ সৃষ্টি হয় যেমন; কর্মীদের জন্য চাকুরি, পাবলিক সার্ভিসকে সহযোগিতার জন্য কর প্রদান করা এবং সর্বোপরি অর্থনৈতিক কর্মকান্ডকে গতিশীল করা।

কিন্তু অংশীদারিত্বের মূল্যবোধ সৃষ্টি করা মানে কমপ্লায়েন্স ও দীর্ঘস্থায়িত্বের চেয়েও একধাপ এগিয়ে যাওয়া। একটি কোম্পানি সুনির্দিষ্ট কিছু ক্ষেত্রে তাদের অংশীদারদের মনোযোগ নিবিষ্ট করে যেখানে (১) অংশীদারদের আগ্রহ এবং সমাজের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক আছে এবং (২) যেখানে উভয়ের আর্থিক উপকারিতা বিদ্যমান রয়েছে। ফলে কোম্পানি তার সম্পদ যেমনঃ মেধা ও মূলধন সেসব ক্ষেত্রে বিনিয়োগ করে, যেখানে সর্বোত্তম সমৃদ্ধি অর্জন করা যায় এবং সমাজে সম্পর্কযুক্ত স্টেকহোল্ডারদের সহায়তামূলক কার্যক্রম পরিচালনা করতে চায়।

নেস্‌লেতে আমরা আমাদের ভ্যালু চেইন মূল্যায়ন করি এবং সিদ্ধান্ত গ্রহণ করি যে, সমাজের বৃহত্তর কল্যাণের জন্য সমন্বিত নিয়ামক হলো পুষ্টি, পানি এবং গ্রামীণ উন্নয়ন। এই কার্যক্রমসমূহ আমাদের ব্যবসায়িক কর্মপন্থার মূল অংশ এবং যেসব দেশে আমরা ব্যবসা পরিচালনা করি সেসব দেশের মানুষের কল্যাণের জন্য জরুরি।

আমরা সক্রিয় সম্পর্ক স্থাপন এবং অংশীদারিত্ব সৃষ্টি করতে চাই আমাদের বাইরের স্টেকহোল্ডারদের সঙ্গে যা উল্লেখিত ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলে। যদিও অংশীদারিত্ব সৃষ্টি করা স্বেচ্ছাসেবার মতো কিছু নয়। এটি আমরা যেসব দেশে ব্যবসা পরিচালনা করি সেসব দেশের মানুষের কল্যাণের জন্য সার্বিক কার্যক্রম এবং অংশীদারিত্বকে প্রভাবিত করে।

এই ক্ষেত্রে নেস্‌লে ব্যবসায়িক উন্নয়নের জন্য দীর্ঘমেয়াদী লক্ষ্যে বাইরের স্টেকহোল্ডারদের সঙ্গে অভ্যর্থনামূলক আলোচনা স্থাপন করে যারা সঠিক আচরণ এবং গঠনমূলক সম্পর্ক স্থাপনে অঙ্গীকারবদ্ধ। এর আওতায় রয়েছে সরকার ও নিয়ন্ত্রক সংস্থা, সরকারের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ, বেসরকারী প্রতিষ্ঠানসমূহ, একাডেমিক ও পেশাদারী সংস্থাসমূহ এবং স্থানীয় জনসাধারণ।



ব্যবসা পরিচালনার ১০টি নীতি

ভোক্তা

১

পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা
আমাদের মূল লক্ষ্য সর্বত্র ভোক্তাদের কাছে মজাদার ও স্বাস্থ্যকর খাবার ও পানীয় সরবরাহের মাধ্যমে তাদের প্রতিদিনের জীবনযাত্রার মান উন্নয়ন এবং স্বাস্থ্যসম্মত ও পছন্দমতো জীবনযাত্রায় তাদেরকে উৎসাহিত করা। আমাদের করপোরেট শ্লোগান 'গুড ফুড, গুড লাইফ'-এর মাধ্যমে এটিই আমরা ব্যক্ত করি।

২

গুণমানের নিশ্চয়তা এবং নিরাপদ পণ্য
বিশ্বের সর্বত্র নেস্‌লে নামটি ভোক্তাদের নিরাপদ পণ্য এবং উচ্চমানের নিশ্চয়তা প্রদান করে।

৩

ভোক্তা যোগাযোগ
আমরা 'দায়িত্বশীল ও নির্ভরযোগ্য ভোক্তা যোগাযোগ'-এই অঙ্গীকার নিয়ে কাজ করি যেন ভোক্তা পছন্দসই ও স্বাস্থ্যকর খাবার গ্রহণে উৎসাহিত হয়। আমরা ভোক্তার স্বাধীনতাকে সম্মান করি।

মানবাধিকার ও শ্রম চর্চা

৪

আমাদের ব্যবসায়িক কার্যক্রমে মানবাধিকার
আমরা জাতিসংঘের বৈশ্বিক মানবাধিকার এবং শ্রম বিষয়ক দিকনির্দেশনাকে সম্পূর্নভাবে সমর্থন করি এবং আমাদের ব্যবসায়িক কার্যক্রমের মাধ্যমে মানবাধিকার ব্যবস্থাপনায় একটি ভাল নজির স্থাপন করতে চাই।

আমাদের মানবসম্পদ

৫

নেতৃত্ব ও ব্যক্তিগত দায়দায়িত্ব
আমাদের সাফল্য আমাদের মানবসম্পদের ওপর নির্ভরশীল। আমরা সম্মান ও মর্যাদার সঙ্গে পরস্পরের সাথে আচরণ করি এবং প্রত্যেকের দায়িত্বশীল মনোভাব কামনা করি। আমরা যোগ্য ও মেধাবী লোক নিয়োগ করি, যারা আমাদের আদর্শকে সম্মান করতে জানে এবং আমরা তাদের উন্নতি ও সমৃদ্ধির জন্য সমান সুযোগ নিশ্চিত করি। আমরা তাদের ব্যক্তি-স্বাধীনতা রক্ষা করি এবং কোন ধরনের হয়রানি বা বৈষম্যকে প্রশ্রয় দেইনা।

৬

কর্মস্থলে নিরাপত্তা ও সুস্বাস্থ্য
কাজ সংশ্লিষ্ট অসুস্থতা, ক্ষতি এবং দুর্ঘটনা প্রতিরোধ এবং তা থেকে আমাদের কর্মী, কন্ট্রাকটার এবং ভ্যালু চেইন সংশ্লিষ্ট সবাইকে রক্ষায় আমরা বদ্ধপরিকর।

সরবরাহকারী ও ভোক্তা

৭

সরবরাহকারী ও ভোক্তা সম্পর্ক
আমাদের আপোষহীন মানদন্ড বা নীতির প্রতি সরবরাহকারী, এজেন্ট, সাব কন্ট্রাক্টর এবং তাদের অধীন কর্মীদের সততা, নিষ্ঠা, স্বচ্ছতা এবং সচেতনতা আমাদের একান্ত কাম্য। একইভাবে আমরা আমাদের ভোক্তাদের কাছে দায়বদ্ধ।

৮

কৃষি ও গ্রামীণ উন্নয়ন
আমরা কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করি। কৃষক ও গ্রামীণ জনসাধারণের উন্নয়ন এবং উৎপাদন প্রক্রিয়ায় তাদেরকে আরো বেশি পরিবেশ-বান্ধব করার ক্ষেত্রে সহায়তা প্রদান করি।

পরিবেশ

৯

পরিবেশের সঙ্গে মানিয়ে চলা
আমরা পরিবেশ-বান্ধব ব্যবসা পরিচালনায় বদ্ধপরিকর। পণ্য উৎপাদনের সকল পর্যায়ে আমরা সুষম ব্যবস্থাপনার মাধ্যমে দক্ষতার সঙ্গে প্রাকৃতিক সম্পদ ব্যবহার করি এবং পুন:ব্যবহারযোগ্য ও বর্জ্যশূন্য উপাদান ব্যবহারের চেষ্টা করি।

১০

পানি
আমরা পানির সুষম ব্যবহারের ব্যাপারে এবং পানি ব্যবস্থাপনার ক্রমাগত উন্নয়ন সাধনে বদ্ধপরিকর। আমরা মনে করি যে, বিশ্ব অচিরেই পানি সংকটের মুখোমুখি হবে এবং এজন্য সকল ব্যবহারকারীকে পানির সুষম ব্যবহারের ক্ষেত্রে আরো দায়িত্বশীল হতে হবে।

করপোরেট নীতিমালার বিস্তারিত বিবরণ এবং লিংকসমূহ

ভোক্তা সাধারণ

১

পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা

আমাদের মূল লক্ষ্য সর্বত্র ভোক্তাদের কাছে মজাদার ও স্বাস্থ্যকর খাবারও পানীয় সরবরাহের মাধ্যমে তাদের প্রতিদিনের জীবনযাত্রার মান উন্নয়ন এবং স্বাস্থ্যসম্মত ও পছন্দসই জীবনযাত্রায় তাদেরকে উৎসাহিত করা। আমাদের করপোরেট শ্লোগান 'গুড ফুড, গুড লাইফ'-এর মাধ্যমে এটিই আমরা ব্যক্ত করি।

পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতার প্রতি আমাদের অঙ্গীকার অনুযায়ী আমরা পণ্যের পুষ্টিমান বৃদ্ধি করি এবং একই সঙ্গে খাবারকে সুস্বাদু এবং উপভোগ্য করে তোলার জন্য কাজ করি। আমরা ব্র্যান্ড যোগাযোগ এবং তথ্যের বিকাশ সাধন করি যেন আমাদের ভোক্তাগণ তাদের খাদ্যাভ্যাস সম্পর্কে জানতে পারে এবং পছন্দসই খাবার নির্বাচন করতে পারে।

নেস্‌লে পুষ্টি, স্বাস্থ্য এবং সুস্থতা সংক্রান্ত নীতিমালা জানতে ভিজিট করুন: www.nestle.com/policies

২

গুণমানের নিশ্চয়তা এবং নিরাপদ পণ্য

বিশ্বের সর্বত্র নেস্‌লে নামটি ভোক্তাদের নিরাপদ পণ্য এবং উচ্চমানের নিশ্চয়তা প্রদান করে।

আমাদের অঙ্গীকার হলো আমরা কখনোই পণ্যের গুণগতমানের ব্যাপারে আপোষ করবো না। আমাদের গুণগতমানের নীতি উৎকৃষ্ট পণ্য উৎপাদনের প্রতি আমাদের অভিপ্রায়কে প্রকাশ করে-

- ভোক্তার প্রত্যাশা এবং সাধ্যের মধ্যে পণ্য ও পরিসেবা প্রদানের মাধ্যমে ভোক্তার আস্থা অর্জনের জন্য।
- সকল অভ্যন্তরীণ ও বাহ্যিক খাদ্য নিরাপত্তা, নিয়ন্ত্রন এবং গুণগত মানের প্রয়োজনের বিষয়টি মেনে চলার জন্য

উন্নত মানসম্পন্ন পণ্য প্রদান আমাদের অঙ্গীকার। আমরা আমাদের পণ্যের মান উন্নয়নে এবং সর্বোত্তম মান অর্জনে প্রতিনিয়ত সচেষ্ট। আমরা বিশ্বের যেসব দেশে ব্যবসা পরিচালনা করি সকল দেশে খাবার সরবরাহে একই রকমের উচ্চ মানদন্ড বজায় রাখি।

আমরা আমাদের মানসম্পন্ন ব্যবস্থাপনার মাধ্যমে উচ্চমানসম্পন্ন পণ্য সরবরাহ নিশ্চিত করি।

নেস্‌লে গুণমান নীতি জানতে ভিজিট করুন: www.nestle.com/policies

৩

ভোক্তা যোগাযোগ

আমরা দায়িত্বশীল, নির্ভরযোগ্য ও বিশ্বাসযোগ্য ভোক্তা যোগাযোগে বিশ্বাসী যেন তারা পছন্দসই ও স্বাস্থ্যকর খাবার গ্রহণে উৎসাহিত হয়। আমরা ভোক্তার স্বাধীনতাকে সম্মান করি।

আমাদের প্রধান ব্যবসায়িক নীতি হল জনগণকে সুষম এবং স্বাস্থ্যকর খাবার গ্রহণে সহায়তা করা। নেস্‌লে ভোক্তা যোগাযোগ নীতিমালার মধ্যে রয়েছে সকল ভোক্তাকে বিপণন যোগাযোগের আবশ্যিক নীতি সম্পর্কে ধারণা প্রদান এবং একই উপায়ে খাবারের সঠিক গুণাগুণ উপস্থাপন যা ভোক্তাকে বেশি খাবার গ্রহণে উৎসাহিত করে না। এছাড়া শিশুদের জন্য আমাদের বিশেষ যোগাযোগ নীতিমালা হলো কোন ধরণের বিজ্ঞাপন বা বিপণনে ৬ বছরের কম বয়সী শিশুদের ব্যবহার না করা। ৬ থেকে ১২ বছরের শিশুদের কাছে পণ্যের বিজ্ঞাপন প্রচার নিষিদ্ধ যা সুস্পষ্ট সীমাবদ্ধতাসহ শক্তি ও স্বাস্থ্যের প্রতি সংবেদনশীল উপকরণ যেমন: চিনি, লবণ, সম্পৃক্ত চর্বি ও ট্রান্স ফ্যাটি এসিডসহ পূর্ব- নির্ধারিত পুষ্টি বৃত্তান্তের সঙ্গে সঙ্গতিপূর্ণ। আমাদের শিশু যোগাযোগ নীতিমালা বিশেষভাবে শিশুদের সুরক্ষার উদ্দেশে প্রণীত, যেন আমাদের বিজ্ঞাপন শিশুদের বিপথগামী বা অভিভাবককে হতাশ না করে এবং অবান্তর সাফল্যের প্রত্যাশা তৈরি না করে। এটি যেন সময়ের প্রয়োজনীয়তার প্রতি সচেতনতা এবং সাশ্রয়ের নিশ্চয়তা প্রদান করে।

পুষ্টি ও স্বাস্থ্য-বিষয়ক নেস্‌লে নীতিমালা আমাদের বৈজ্ঞানিকভাবে স্বাস্থ্যসম্মত কার্যক্রম পরিচালনায় সহায়তা করে। নেস্‌লে ভোক্তা যোগাযোগ নীতি, পুষ্টি ও স্বাস্থ্য বিষয়ক নেসলে বিধি ও নেস্‌লে পুষ্টি প্রোফাইলিং সিস্টেম জানতে ভিজিট করুন: www.nestle.com/policies

শিশু খাদ্য বিপণন

শিশুর জীবনের সর্বোত্তম সূচনার জন্য সর্বাপেক্ষা মানানসই কিছু দিতে আমরা সবসময় বদ্ধপরিকর। যার অর্থ হলো আমরা সকল বিকল্প খাদ্যের চেয়ে মাতৃদুগ্ধ পানকে সবচেয়ে বেশি প্রাধান্য দেই। যাদের মাতৃদুগ্ধের বিকল্প খাদ্যের প্রয়োজন, তাদের জন্য আমাদের লক্ষ্য বিপজ্জনক ও বেমানান মাতৃদুগ্ধ বিকল্প যেমন: গুড়ো দুধ-এর স্থলে ফর্মুলা পণ্য প্রদান করা-যা শিশু স্বাস্থ্য-বিষয়ক আন্তর্জাতিক মানদন্ড পূরণ করে। আমাদের লক্ষ্য সচরাচর শিশুকে যেসব বিকল্প খাদ্য খাওয়ানো হয় তার বদলে দানাদার খাদ্যশস্য, শিশুখাদ্য এবং দুধ সরবরাহ করা যা শিশুর সুষম বৃদ্ধি এবং উন্নয়নে সহায়তা করে।

আমাদের শিশুখাদ্য বিপণন বিশ্ব সাস্থ্য সংস্থার আন্তর্জাতিক মাতৃদুগ্ধ বিপণন কোড অনুযায়ী পরিচালিত হয় যেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার সকল সদস্য দেশ তা মেনে চলে। এছাড়া উন্নয়নশীল দেশে সরকার অনুসরণ করুক বা না করুক আমরা স্বেচ্ছায় ডব্লিও এইচ ও (WHO) কোড মেনে চলি।
আমরা এই মানদন্ড সমুহ মেনে চলা নিশ্চিত করতে সরকারী পর্যবেক্ষণ ব্যবস্থা থাকুক বা না থাকুক স্বেচ্ছায় আমাদের কার্যক্রম মূল্যায়ন করি। নেস্‌লে'র স্বাধীন নিরীক্ষা কাজ চলমান প্রক্রিয়ায় WHO কোড এর সাথে সঙ্গতিপূর্ণ একটি স্বীকৃত সামাজিক পর্যবেক্ষন কোম্পানির মাধ্যমে পরিচালনা করা হয় এবং এই প্রতিবেদন প্রকাশ্যে পাওয়া যায়। বিস্তারিত ভিজিট করুন: www.babymilk.nestle.com

মানবাধিকার এবং শ্রম ব্যবস্থাপনা নীতি

8

আমাদের ব্যবসায়িক কার্যক্রমে মানবাধিকার এবং শ্রম ব্যবস্থাপনা নীতি আমরা জাতিসংঘের বৈশ্বিক মানবাধিকার এবং শ্রম বিষয়ক দিকনির্দেশনাকে সম্পূর্নভাবে সমর্থন করি এবং আমাদের ব্যবসায়িক কার্যক্রমে মানবাধিকার ব্যবস্থাপনায় একটি ভাল নজির সৃষ্টি করতে চাই।

আমরা

- আমাদের আওতার মধ্যে আন্তর্জাতিক মানবাধিকার সংরক্ষনকে সমর্থন ও সম্মান করি (UNGC নীতিমালা-১)।
- মানবাধিকারের অপব্যবহার কে প্রশ্রয় দেইনা (UNGC নীতিমালা-২)।
- সকল ধরনের শিশুশ্রম/শোষণ বিরোধী
- গোপনীয়তাকে মানবাধিকার হিসাবে বিবেচনা করি।
- আমাদের কোম্পানির প্রত্যেকে মানবাধিকার বিষয়ক সকল স্থানীয় আইনকানুন ও বিধিনিষেধ মেনে চলবে এবং শ্রদ্ধা করবে বলে প্রত্যাশা করি। যেখানে আমাদের নিজস্ব আইনকানুন ও বিধিনিষেধ স্থানীয় আইনের তুলনায় কঠোর সেখানে উচ্চতর মানদন্ড অনুসরন করা হয়।
- আমরা উপলব্ধি করি যে, সরকার তার বিচার ব্যবস্থার মধ্যে মানবাধিকার রক্ষার জন্য একটি আইনি কাঠামো প্রতিষ্ঠার ব্যাপারে দায়বদ্ধ আমরা তুলে ধরি-
- সংগঠনের স্বাধীনতা ও যৌথ অধিকার রক্ষার সম্মিলিত কার্যকর প্রয়াস কে (UNGC নীতিমালা-৩)।
- সকল ধরনের জবরদস্তি ও বাধ্যতামূলক শ্রম বাতিল করা (UNGC নীতিমালা-৪)।
- কার্যকরভাবে শিশু শ্রম বন্ধ করা (UNGC নীতিমালা-৫)।
- কাজ ও পেশার গ্রহনের ক্ষেত্রে বৈষম্য নিরসন (UNGC নীতিমালা-৬)।

আমরা আন্তর্জাতিক শ্রম সংস্থার (ILO) ৮টি মৌলিক নীতির প্রতি সম্পূর্ণ অনুগত, বিশেষ করে ৮৭ নং কনভেনশন/বিধি; সংগঠনের স্বাধীনতা এবং সংগঠিত হবার অধিকার (১৯৪৮) একই ভাবে কনভেনশন/বিধি নং ১৩৮; পেশা গ্রহনের ন্যুন্যতম বয়স, কনভেনশন/বিধি-১৮২ নিকৃষ্ট শিশু শ্রম রোধ, যেগুলো জাতিসংঘের শিশুশ্রম বিষয়ক কনভেনশন/বিধির ওপর ভিত্তি করে তৈরী (অনুচ্ছেদ ৩২)। তাছাড়া মার্চ-২০০৬ সালের বহুজাতিক কোম্পানির জন্য ত্রিমাত্রিক ঘোষনা ও সামাজিক নীতি (ILO) এবং জুন-২০০০ সালের বহুজাতিক কোম্পানির জন্য OECD দিকনির্দেশনার প্রতি অনুগত।

আমাদের মানব সম্পদ

৫

নেতৃত্ব ও ব্যক্তিগত দায়িত্ব

আমাদের সাফল্য আমাদের মানবসম্পদের ওপর নির্ভরশীল। আমরা সম্মান ও মর্যাদার সঙ্গে পরস্পরের সাথে আচারণ করি এবং প্রত্যেকের দায়িত্বশীল মনোভাব কামনা করি। আমরা যোগ্য ও মেধাবী লোক নিয়োগ করি যারা আমাদের আদর্শকে সম্মান করতে জানে এবং আমরা তাদের উন্নতি ও সমৃদ্ধির জন্য সমান সুযোগ নিশ্চিত করি। আমরা তাদের ব্যক্তি স্বাধীনতা রক্ষা করি এবং কোন ধরনের হয়রানি বা বৈষম্যকে প্রশ্রয় দেইনা।

নেস্‌লে ব্যবস্থাপনা এবং নেতৃত্ব বিষয়ক নীতিমালা

আমাদের ব্যবস্থাপনা এবং নেতৃত্ব বিষয়ক নীতিমালা আমাদের এমপ্লয়ীদের জন্য আমরা যা আশা করি তার মৌলিক মান এবং সংস্কৃতির বহি:প্রকাশ। পাশাপাশি সফল ব্যবস্থাপনা এবং নেতৃত্বের বৈশিষ্ট্যাবলী তুলে ধরে। নেস্‌লে ব্যবস্থাপনা এবং নেতৃত্ব বিষয়ক নীতিমালা দেখতে ভিজিট করুন:
www.nestle.com/policies

নেস্‌লে ব্যবসা পরিচালনা সংক্রান্ত আচারণবিধি:

নেস্‌লে ব্যবসা পরিচালনা সংক্রান্ত্র আচারণবিধি এমপ্লয়ীদের আচরনের বিষয়সহ আইনের সঙ্গে সঙ্গতিপূর্ণ, যা স্বার্থের সংঘাত, অবিশ্বাস এবং স্বচ্ছ কারবার, ঘুষ লেনদেন, দুর্নীতি, বৈষম্য, হয়রানি এবং স্বচ্ছতাসহ কিছু আপোষহীন ন্যুন্যতম সুনির্দিষ্ট মানদন্ড মেনে চলে(UNGC নীতিমালা-১০)। আমরা মুক্ত প্রতিযোগিতার গুরত্বে বিশ্বাসী সকল পরিস্থিতিতে স্বচ্ছতার সাথে কাজ করতে বদ্ধপরিকর। নেস্‌লে ব্যবসা পরিচালনা সংক্রান্ত্র আচারণবিধি দেখতে ভিজিট করুন:
www.nestle.com/policies

আমাদের মানবসম্পদ নীতি পারস্পরিক শ্রদ্ধাবোধ, আস্থা ও পরস্পরের মধ্যে সু-সম্পর্ক স্থাপনে স্বচ্ছ, মুক্ত যোগাযোগ এবং সহযোগিতামুলক মনোভাবকে উৎসাহিত করে। আমরা আরো বিশ্বাস করি আমাদের দীর্ঘমেয়াদী সাফল্য আমাদের এমপ্লয়ীদের আকৃষ্ট করার ক্ষমতা, উন্নয়ন, রক্ষা এবং তাদের অধিকার সংরক্ষন ও সর্বোত্তম কর্মীব্যবস্থাপনার ওপর নির্ভরশীল।

আমরা এমপ্লয়ীদের অধিকার বিষয়ক আন্তর্জাতিক কনভেনশনকে সম্মান করি। জন্ম, জাতীয়তা, ধর্ম, বর্ণ, লিঙ্গ,বয়স অথবা যৌন বিষয় সহ অন্যান্য যে কোন কারণে আমরা কোনরূপ বৈষম্য করিনা। উপরের যেকোন কারণে মৌখিক অথবা শারিরীক কোন ধরনের হয়রানি আমরা সমর্থন করিনা। আমরা আমাদের এমপ্লয়ীদের যৌথ স্বার্থ রক্ষা সংগঠনের স্বাধীনতা বজায় রাখি এবং ইউনিয়ন বা অন্য কোন সংগঠনের মাধ্যমে তাদের অধিকার রক্ষার সম্মিলিত কার্যকর প্রয়াসকে (UNGC নীতিমালা-৩) সমর্থন করি। আমরা আমাদের কর্মীদের গোপনীয়তাকে সম্মান করি।

৬

নিরাপদ কর্মস্থল ও সুস্বাস্থ্য

কাজ সংশ্লিষ্ট অসুস্থতা, ক্ষতি এবং দুর্ঘটনা প্রতিরোধ এবং তা থেকে আমাদের কর্মী, কন্ট্রাকটার এবং ভ্যালু-চেইন সংশ্লিষ্টদের রক্ষায় আমরা বদ্ধপরিকর।

নিরাপদ কর্মস্থল ও স্বাস্থ্যকর পরিবেশ প্রতিষ্ঠা আমাদের আপোষহীন সংস্কৃতির অন্যতম দিক। আমরা উপলব্ধি এবং প্রয়োজন বোধ করি, কর্মক্ষেত্রে একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ প্রতিষ্ঠার ক্ষেত্রে সকলেই কার্যকর পদক্ষেপ রাখবে। নিরাপদ এবং স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখতে এমপ্লয়ীগণ, চুক্তিবদ্ধ কর্মী এবং ব্যবসা কার্যক্রমে জড়িত অন্যান্য সকলের সচেতনতা, সুস্বাস্থ্য ও নিরাপত্তা জ্ঞানকে আমরা একটি উচ্চতর মানদন্ড স্থাপনে উৎসাহিত করি।

আমরা পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে আমাদের দক্ষতা মূল্যায়ন করি যা নিরাপদ ও স্বাস্থ্যকর কর্মক্ষেত্র নিশ্চিত করে। কর্মস্থলে নিরাপত্তা ও সুস্বাস্থ্য সম্পর্কিত নেস্‌লে নীতিমালা জানতে ভিজিট করুন:
www.nestle.com/policies

সরবরাহক ও ভোক্তা

৭

সরবরাহক ও ভোক্তা সম্পর্ক

আমাদের আপোষহীন মানদন্ড বা নীতির প্রতি সরবরাহকারী, এজেন্ট,সাব কন্ট্রাক্টর এবং তাদের অধীনস্থ কর্মীদের সততা, নিষ্ঠা, স্বচ্ছতা এবং সচেতনতা আমাদের একান্ত কাম্য। একইভাবে আমরা আমাদের ভোক্তাদের কাছে দায়বদ্ধ।

আমরা আমাদের সরবরাহকগণ, এজেন্ট এবং সাব-কন্ট্রাকটার ও তাদের অধীনস্থ কর্মীদের নেস্‌লে সরবরাহক কোড-এর সব ন্যূন্যতম মানদন্ড সমুহ সম্মান করতে ও মেনে চলতে বলি। সরবরাহক কোড-এর প্রয়োজনীয় বিষয়গুলোর মধ্যে রয়েছে ব্যবসায়িক শুদ্ধতা, সহনীয় পরিচালনা পদ্ধতি এবং কৃষি কার্যক্রম, শ্রম মানদন্ড, নিরাপত্তা, স্বাস্থ্য এবং পরিবেশগত কার্যক্রম।

আমাদের কার্যক্রমে সরবরাহক আচরণবিধি নিশ্চিত করার জন্য আমরা নিয়মিত সরবরাহক আচরণবিধি সম্পর্কে সরবরাহকদের মতামত যাচাই করি। নেস্‌লে সরবরাহক আচরণবিধি সম্পর্কে জানতে ভিজিট করুন: www.nestle.com/policies

৮

কৃষি ও গ্রামীণ উন্নয়ন

আমরা কৃষি উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করি । কৃষক ও গ্রামীণ জনসাধারনের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন এবং উৎপাদন প্রক্রিয়ায় তাদেরকে আরো বেশি পরিবেশ-বান্ধব হওয়ার ক্ষেত্রে সহায়তা প্রদান করি।

আমাদের কারখানাগুলো যেন গুণগতমানের, নিরাপদ ও প্রতিদ্বন্দ্বিতামূলক মানের কাঁচামাল পায় তা নিশ্চিত করতে-

- আমরা সহনশীল কৃষি কার্যক্রম ও পদ্ধতির উন্নয়নে সম্পৃক্ত হই, যেন তা দীর্ঘমেয়াদী উৎপাদনক্ষম ও কৃষকদের জন্য কার্যকর উপার্জনের ক্ষেত্র তৈরি করে এবং সরবরাহকারীদের কাছে কৃষি প্রযুক্তিজ্ঞান স্থানান্তর করে।
- কৃষি উন্নয়নে নতুন প্রযুক্তির প্রয়োগে এবং কৃষির অগ্রগতিতে আমরা সহায়তা দিয়ে থাকি, যেখানে জীববিজ্ঞান প্রদত্ত সুবিধাসমূহ খাদ্য নিরাপত্তা, পরিবেশ, কৃষি কার্যক্রম ও উৎপাদন দক্ষতায় বৈজ্ঞানিক নিশ্চয়তাসহ ইতিবাচক প্রভাব রাখে এবং ভোক্তারা তা অনুসরণ করেন।

কৃষি কার্যক্রমে সহায়তার জন্য নেস্‌লে সহনশীল কৃষি উদ্যোগ হিসেবে (SAIN) ফার্মিং সিস্টেম যেমন; গ্রামীণ উন্নয়ন, সংগ্রহ প্রক্রিয়া ও দীর্ঘমেয়াদী পদক্ষেপ গ্রহণ করে। নেস্‌লে পরিবেশ সহনশীল নীতি সম্পর্কে জানতে ভিজিট করুন: www.nestle.com/policies

পরিবেশ

৯

পরিবেশের সঙ্গে মানিয়ে চলা

আমরা পরিবেশবান্ধব ব্যবসা পরিচালনায় নিজেরা বদ্ধপরিকর। পণ্য উৎপাদনের সকল পর্যায়ে আমরা সুষম ব্যবস্থাপনার মাধ্যমে দক্ষতার সঙ্গে প্রাকৃতিক সম্পদ ব্যবহার করি এবং পুন:ব্যবহারযোগ্য ও বর্জ্য শূণ্য উপাদান ব্যবহারের চেষ্টা করি।

আমরা আমাদের পরিবেশগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রতিনিয়ত বিনিয়োগ করি। নেস্‌লে পরিবেশগত সহনশীলতা নীতিমালা জাতিসংঘের বৈশ্বিক পরিবেশ চুক্তি'র তিনটি নির্দেশনা মূলক নীতিমালার (নীতি ৭, ৮ এবং ৯) সঙ্গে সঙ্গতিপূর্ণ।

পণ্য ও কার্যক্রমের সাথে পরিবেশগত সংঘাত প্রশমনের জন্য ফার্ম থেকে ভোক্তা পর্যন্ত একটি পণ্য প্রক্রিয়াকরণ চক্র অনুসরণ করতে আমরা আমাদের পার্টনারদের অনুরোধ করি। আমাদের অগ্রাধিকার দেয়া ৪টি বিষয় হল; পানি, কৃষি কাঁচামাল, পণ্য উৎপাদন ও বন্টন এবং প্যাকেজিং। নেস্‌লে পরিবেশগত ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে আমরা আমাদের নীতি প্রয়োগ করি।

আমরা বিশ্বাস করি যে, পরিবেশগত ভারসাম্যতা একটি পারস্পরিক দায়বদ্ধতার ব্যাপার এবং এজন্য সমাজের সবার সহযোগিতার প্রয়োজন। আমরা আমাদের গন্ডির মধ্যে এ ব্যাপারে সদা নেতৃত্বদানে বদ্ধপরিকর। নেস্‌লে পরিবেশ সহনশীল নীতি সম্পর্কে জানতে ভিজিট করুন:
www.nestle.com/policies

১০

পানি

আমরা পানির সুষম ব্যবহারের ব্যাপারে এবং পানি ব্যবস্থাপনার ক্রমাগত উন্নয়ন সাধনে বদ্ধপরিকর। আমরা উপলব্ধি করি যে, বিশ্ব অচিরেই একটি পানি সংকটের মুখোমুখি হবে এবং এজন্য সকল ব্যবহারকারীকে পানির সুষম ব্যবহারের ক্ষেত্রে আরো দায়িত্বশীল হতে হবে।

পানি নেস্‌লের জন্য মনোযোগের একটি অন্যতম কেন্দ্রবিন্দু। পানির প্রতি নেস্‌লের অঙ্গীকার পানির দায়িত্বশীল ব্যবহারে আমাদের করণীয় ও লক্ষ্য নির্ধারণ করে। এটি আমাদের কর্মকান্ডে পানির ব্যবহার হ্রাস করা, স্থানীয় পানি সম্পদের প্রতি লক্ষ্য রেখে কার্যক্রম পরিচালনা করা, আমরা পরিবেশে যে পানি নি:সরণ করি তা যেন পরিষ্কার হয় তা নিশ্চিত করা, সাপ্লাইয়ারদের সম্পৃক্ততা; বিশেষ করে কৃষকদের মধ্যে পানি সংরক্ষণ এবং যথাযথ ব্যবহার নিশ্চিত করা আমাদের অব্যাহত প্রচেষ্টার অংশ। নেস্‌লে জাতিসংঘ সিইও-এর বৈশ্বিক পানি ঘোষনা সংক্রান্ত চুক্তির প্রারম্ভিক স্বাক্ষরদাতা প্রতিষ্ঠান।

নেস্‌লে পরিবেশগত ব্যবস্থাপনা প্রক্রিয়ার আওতায় আমরা আমাদের পানি সম্পদ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এবং কারখানাগুলোতে পরিবেশ বিশেষজ্ঞদের মাধ্যমে পানি ব্যবহারের দক্ষতা পর্যবেক্ষন ও উন্নয়ন করি। মৌলিক প্রয়োজনে সকলের বিশুদ্ধ পানি ব্যবহারের অধিকারকে আমরা স্বীকৃতি প্রদান করি ও প্রতি ফোঁটা হিসাব করে ব্যবহারের অনুরোধ করি। এ সম্পর্কে জানতে ভিজিট করুন:
www.nestle.com/policies

নিরীক্ষণ:

নেস্‌লে করপোরেট ব্যবসায়িক নীতিমালার বিবৃতিসমুহ সকল নেস্‌লে ম্যানেজার, কর্মকর্তা-কর্মচারীর জন্য অবশ্য পালনীয় এবং ব্যবসায়িক পরিকল্পনা, নিরীক্ষণ ও কার্যকারিতা যাচাইয়ে সমন্বয়যোগ্য।

নেস্‌লে করপোরেট ব্যবসায়িক নীতিমালার সঙ্গে সম্পৃক্ত বিভিন্ন সুনির্দিষ্ট নীতিমালা, প্রাসঙ্গিক কোডসমূহের সঙ্গে যেখানে কমপ্লায়েন্স, সেখানে সুনির্দিষ্ট সংযুক্তি ও উৎস জানতে করপোরেট ব্যবসায়িক নীতিমালা এবং নীতিচিত্র দেখুন (ফ্রন্ট কভারের ভেতরে)।

কর্পোরেট ব্যবসায়িক নীতিমালা সংক্রান্ত নেস্‌লে পর্যবেক্ষন অভ্যন্তরীণ নিরীক্ষকগণ কর্তৃক সুস্পষ্ট নির্দেশনার ভিত্তিতে নিয়মিত পর্যালোচনা করা হয় যা সকল এমপ্লয়ীদের পরামর্শের জন্য নেস্‌লে এস.এ. ইন্টারনেটে প্রকাশ করা হয়। মানবসম্পদ, নিরাপত্তা, স্বাস্থ্যগত পরিবেশ এবং ব্যবসায়িক স্বচ্ছতা সংক্রান্ত পর্যবেক্ষণসমুহ আমাদের কেয়ার প্রোগ্রাম (CARE Programme) দ্বারা মূল্যায়ণ করা হয় যা একটি নির্ভরযোগ্য স্বাধীন বাহ্যিক নিরীক্ষণ নেটওয়ার্ক। মূল্যবান অংশীদারিত্ব তৈরী সম্পর্কিত আমাদের প্রতিবেদন স্বাধীন বাহ্যিক নিরীক্ষক দ্বারা যাচাই করা হয়, যাতে তা সঠিক এবং বৈধ হয়। আমাদের বাহ্যিক নিরীক্ষকরা কেপিএমজি (KPMG) নেস্‌লের অভ্যন্তরীণ নিয়ন্ত্রন পদ্ধতি সম্পর্কে একটি সম্যক ধারণা লাভ করেন পাশাপাশি কিভাবে কর্পোরেট ব্যবসায়িক নীতিমালা পুরো গ্রুপের ফ্রেমওয়ার্ককে পরিচালনা করে এবং সমন্বয় ঘটায় তা প্রত্যক্ষ করেন।

এভাবে প্রাপ্ত মতামত এবং পরামর্শগুলো নিরীক্ষা কমিটির মাধ্যমে নেস্‌লে এস.এ. পরিচালনা পর্ষদ বরাবর উপস্থাপন করা হয়।